# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৪৭

১/ বিবিধ

আরবী

كان للنبي صلى الله عليه وسلم سكتتان، سكتة حين يكبر، وسكتة حين يفرغ من قراءته
ضعيف

أخرجه البخاري في " جزء القراءة " (ص 23) وأبو داود والترمذي وابن ماجة وغيرهم من حديث الحسن البصري عن سمرة بن جندب. وهذا سند ضعيف أعله الدارقطني في سننه (ص 138) بالانقطاع فقال عقب الحديث: " الحسن مختلف في سماعه من سمرة، وقد سمع منه حديثا واحدا، وهو حديث العقيقة
قلت: ثم هو على جلالة قدره مدلس كما سبق التنبيه على ذلك مرارا، ولم أجد تصريحه بسماعه لهذا الحديث بعد مزيد البحث والتفتيش عن طرقه إليه، فلو سلم أنه ثبت سماعه من سمرة لغير حديث العقيقة، لما ثبت سماعه لهذا، كما لا يخفى على المشتغلين بعلم السنة المطهرة. ثم إن للحديث علة أخرى وهي الاضطراب في متنه ففي هذه الرواية أن السكتة الثانية محلها بعد الفراغ من القراءة، وفي رواية ثانية: بعد الفراغ من قراءة الفاتحة، وفي الأخرى بعد الفراغ من الفاتحة وسورة عند الركوع.
وهذه الرواية الأخيرة هي الصواب في الحديث لوصح، لأنه اتفق عليها أصحاب الحسن، يونس، وأشعث، وحميد الطويل، وقد سقت رواياتهم في ذلك في " ضعيف سنن أبي داود " (رقم 135 و138) ونقلت فيه عن أبي بكر الجصاص أنه قال: " هذا حديث غير ثابت ". فبعد معرفة علة الحديث لا يلتفت المنصف إلى قول من حسنه.

وإذا عرفت هذا فلا حجة للشافعية في هذا الحديث على استحبابهم السكوت للإمام بقدر ما يقرأ المأموم الفاتحة، وذلك لوجوه

الأول: ضعف سند الحديث

الثاني: اضطراب متنه

الثالث: أن الصواب في السكتة الثانية

فيه أنها قبل الركوع بعد الفراغ من القراءة كلها لا بعد الفراغ من الفاتحة

الرابع: على افتراض أنها أعني السكتة بعد الفاتحة، فليس فيه أنها طويلة بمقدار ما يتمكن المقتدي من قراءة الفاتحة! ولهذا صرح بعض المحققين بأن هذه السكتة الطويلة بدعة فقال شيخ الإسلام ابن تيمية في " الفتاوى " (2 / 146 - 147)

" ولم يستحب أحمد أن يسكت الإمام لقراءة المأموم، ولكن بعض أصحابه استحب ذلك، ومعلوم أن النبي صلى الله عليه وسلم لوكان يسكت سكتة تتسع لقراءة الفاتحة لكان هذا مما تتوفر الهمم والدواعي على نقله، فلما لم ينقل هذا أحد، علم أنه لم يكن، وأيضا فلوكان الصحابة كلهم يقرؤون الفاتحة خلفه صلى الله عليه وسلم، إما في السكتة الأولى وإما في الثانية لكان هذا مما تتوفر الهمم والدواعي على نقله فكيف ولم ينقل أحد من الصحابة أنهم كانوا في السكتة الثانية يقرءون الفاتحة، مع أن ذلك لوكان شرعا لكان الصحابة أحق الناس بعلمه، فعلم أنه بدعة

قلت: ومما يؤيد عدم سكوته صلى الله عليه وسلم تلك السكتة الطويلة قول أبي هريرة رضي الله عنه: " كان رسول الله صلى الله عليه وسلم إذا كبر للصلاة سكت هنية، فقلت: يا رسول الله أرأيت سكوتك بين التكبير والقراءة ماذا تقول؟ قال أقول: اللهم باعد بيني وبين خطاياي.... " الحديث فلو كان رسول الله صلى الله عليه وسلم يسكت تلك السكتة بعد الفاتحة بمقدارها لسألوه عنها كما سألوه عن هذه

বাংলা

৫৪৭। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাতে দু’টি সাকতা ছিল। একটি সাকতা যখন তাকবীর দিতেন,

আরেকটি সাকতা যখন তার কিরাআত সমাপ্ত করতেন।

হাদীছটি দুর্বল।

ইমাম বুখারী "জুযউল কিরাআহ" (পৃঃ ২৩), আবু দাউদ তিরমিয়ী, ইবনু মাজাহ ও অন্য বিদ্বানগণ হাসান বাসরীর হাদীছ হতে সামুরা ইবনু জুন্দুব থেকে বর্ণনা করেছেন। এ সনদটি দুর্বল। দারাকুতনী তার "সুনান" (পৃঃ ১৩৮) গ্রন্থে সনদে বিচ্ছিন্নতা রয়েছে বলে সমস্যা বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ হাসান সামুরা হতে শুনেছেন কি না তাতে মতভেদ রয়েছে। তিনি তার থেকে মাত্র একটি হাদীছ শুনেছেন। সেটি হচ্ছে আকীকার হাদীছ।

আমি (আলবানী) বলছিঃ তিনি (হাসান) সম্মানিত ব্যক্তি হওয়া সত্ত্বেও মুদাল্লিস ছিলেন। যেমনটি বার বার তার সম্পর্কে আলোচনা করা হয়েছে। তিনি যে আলোচ্য হাদীছটি সামুরা হতে শুনেছেন তা সাব্যস্ত হয়নি।

এ হাদীছটির আরেকটি সমস্যা হচ্ছে হাদীছের বাক্যে ইযতিরাব সংঘটিত হয়েছে। কারণ ভিন্ন বর্ণনায় এসেছে সূরা ফাতিহা পাঠ শেষে সাকতার কথা, আরেক বর্ণনায় এসেছে সূরা ফাতিহা এবং আরেকটি সূরা পাঠ শেষে রূকুর সময় সাকতা।

এই শেষোক্ত বাক্যটিই সঠিকের বেশী নিকটবর্তী। কারণ হাসানের ছাত্ররা এ বাক্যের উপরই একমত হয়েছেন।

আবু বাকর আল-জাসসাস বলেনঃ এ হাদীছটি সাব্যস্ত হয়নি।

নিম্নে বর্ণিত কারণে এ হাদীছটি শাফেঈ মাযহাবের অনুসারীদের জন্য সাকতা মুস্তাহাব হওয়ার জন্য দলীল হতে পারে নাঃ

১। হাদীছটির সনদ দুর্বল।

২ । তার মতনে ইযতিরাব।

৩। দ্বিতীয় সাকতার ব্যাপারে সঠিক হচ্ছে এই যে, সেটি হবে রূকুর পূর্বে সকল প্রকার কিরাআত হতে মুক্ত হওয়ার পর, সূরা ফাতিহার শেষে নয়।

৪। যদি ধরে নেয়া হয় এই সাকতা দ্বারা সূরা ফাতিহা পাঠের পরের সাকতা বুঝানো হচ্ছে। তাহলে বলতে হবে যে এই সাকতা এমন দীর্ঘ নয় যে, তাতে মুক্তাদীগণ সূরা ফাতিহা পাঠ করতে সক্ষম হবে। এ জন্যেই কোন কোন মুহাক্কিক বলেছেন যে, এই দীর্ঘ সাকতা বিদ'আত। শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ “আল-ফাতাওয়া" (২/১৪৬-১৪৭) গ্রন্থে বলেছেনঃ ইমাম আহমাদ মুক্তাদির কিরাআতের জন্য ইমাম কর্তৃক সাকতা করাকে মুস্তাহাব মনে করেননি। তার কোন কোন সাথী তাকে মুস্তাহাব বলেছেন। এটি জানা কথা যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি সূরা ফাতিহা পড়া যায় এরূপ দীর্ঘ সাকতা দিতেন তাহলে অবশ্যই তা আমাদের নিকট যথাযথভাবে বর্ণনা হয়ে আসত। অতএব যখন কেউ এটি নকল করেননি তখন বুঝা যাচ্ছে তা ছিল না। এ ছাড়া সকল সাহাবাগণ যদি ইমামের পিছনে প্রথম অথবা দ্বিতীয় সাকতার মধ্যে সূরা ফাতিহা পাঠ করতেন, তাহলেও তা যথাযথভাবে

বর্ণিত হয়ে আসত। এটি কিভাবে যেখানে একজন সাহাবাও বর্ণনা করেননি যে, তারা দ্বিতীয় সাকতাতে সূরা ফাতিহা পাঠ করতেন। যদি শরীয়তের হুকুম এরূপই হতো তাহলে অবশ্যই সাহাবাগণ সে সম্পর্কে সবার আগে জানবেন এটিই বেশী যুক্তিযুক্ত। অতএব বুঝা যাচ্ছে এরূপ সাকতা বিদ'আত ।

আমি (আলবানী) বলছিঃ আবু হুরাইরা (রাঃ)-এর নিম্নের কথাই শক্তি যোগাচ্ছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দীর্ঘক্ষণ চুপ থাকেননিঃ রাসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাতের জন্য তাকবীর দিতেন তখন কিছুক্ষণ চুপ থাকতেন। আমি বললামঃ হে আল্লাহর রাসূল! তাকবীর এবং কিরাআতের মাঝে আপনার চুপ থাকা অবস্থায় কী বলেনঃ তিনি বললেনঃ আমি আল্লাহুম্মা বাইদ বাইনী ওয়া বাইনা খাতাইয়াইয়া ... বলি। রাসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি সূরা ফাতিহা পাঠ শেষে অনুরূপ সাকতা করতেন, তাহলে অবশ্যই তারা সেই সাকতা সম্পর্কে জিজ্ঞাসা করতেন যেরূপ তাকবীরের পরের সাকতা সম্পর্কে জিজ্ঞাসা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71426

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন